# U.G. 5th Semester Examination - 2021

## BENGALI

**Course Code: BBNGDSHT3 [DSE3]**

**Course Title: বাংলা সমালোচনা সাহিত্য**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) 'উভয়ই স্বামী কর্তৃক বিসর্জ্জিতা হইয়াছিলেন' — কাদের কথা বলা হয়েছে?

খ) 'তাহার ফল কালিদাসের কাব্য নাটকাদি।' — কালিদাসের একটি কাব্য ও একটি নাটকের নাম লেখো।

গ) বঙ্কিমচন্দ্রের 'বিদ্যাপতি ও জয়দেব' প্রবন্ধটির পূর্বনাম কী ছিল?

ঘ) বাংলা সাহিত্যে 'স্বভাব কবি' কথাটি প্রথম কোন্ কবির উদ্দেশ্যে বলা হয়েছে?

ঙ) 'দ্য ওয়েস্টল্যান্ড' কার রচনা?

চ) 'এ-কথা সত্য যে রবীন্দ্রনাথের পর বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।' — কোন্ কবির কথা বলা হয়েছে?

ছ) 'কবিতার কথা' বইটির প্রকাশকাল উল্লেখ করো।

*[পরের পাতায়]*

জ) 'Fleurs dud Mal' — কার লেখা?

ঝ) 'আর একটি প্রবণতা হলো সুররেয়ালিজম্।' — 'সুররেয়ালিজম্' -এর বাংলা নাম কী?

ঞ) 'আলংকারিকদের ভাষায় কাব্যের অর্থ দুই প্রকার' — এই দুই প্রকার অর্থ কী কী?

ট) 'অমঙ্গলবোধ ও আধুনিক কবিতা' প্রবন্ধটি থেকে দুজন বিদেশি কবির নাম লেখো।

ঠ) র‍্যাঁব, কোন্ দেশের কবি?

ড) 'তাঁর কবিতায় মননধর্মের অভাব অত্যন্ত শোকাবহভাবে আমাদের আঘাত করে।' — কোন্ কবি সম্পর্কে একথা বলা হয়েছে?

ঢ) জীবনানন্দ দাশের 'রবীন্দ্রনাথ ও আধুনিক বাংলা কবিতা' প্রবন্ধটির রচনাকাল (বঙ্গাব্দে) উল্লেখ করো।

ণ) 'উভয়েই ঋষিকন্যা বলিয়া অমানুষিক সাহায্যপ্রাপ্ত।' — ঋষিকন্যা দু'জন কে কে?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) বঙ্কিমচন্দ্রের 'বিদ্যপতি ও জয়দেব' প্রবন্ধটি থেকে যেকোনো চারজন গীতিকবির নাম লেখো।

খ) মিরন্দা ও দেস্‌দিমোনা চরিত্র দুটি কোন্ মূল গ্রন্থের তা লেখো।

গ) বোদলেয়ারকে কে কোথায় আধুনিক কাব্যের মন্ত্রগুরু বলেছেন?

ঘ) 'চোরাবালি' ও 'খসড়া' কাব্যগ্রন্থ দুটির কবির নাম লেখো।

ঙ) যোগীন্দ্রনাথ সরকারের দুটি গ্রন্থের নাম লেখো।

চ) ‘কল্লোল’ গোষ্ঠী’র লক্ষ্য হয়ে উঠলো— রবীন্দ্রোত্তর হওয়া’। —‘কল্লোল গোষ্ঠী’ বলতে কী বোঝো?

ছ) ‘সে ইতিহাসের সব চেয়ে উল্লেখযোগ্য কবি হচ্ছেন সত্যেন্দ্রনাথ দত্ত।’ — কোন্ ইতিহাসের কথা বলা হয়েছে?

জ) ‘কবিতার অস্থির ভিতরে’ ও ‘মর্মে’ কী কী থাকবে বলে জীবনানন্দ দাশ মনে করেন?

৩। যে-কোনো **দু’টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) বাংলা শিশুসাহিত্যে ‘সহজপাঠ’- এর গুরুত্ব সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

খ) ‘সকলেই কবি নয়। কেউ কেউ কবি;’ — কথাটির তাৎপর্য পরিস্ফুট করো।

গ) ‘বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন’ প্রবন্ধের উল্লেখযোগ্য পাঁচটি নিবেদন নিজের ভাষায় লেখো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) আধুনিক কবিতার সঙ্গে অমঙ্গলবোধের সম্পর্ক বিষয়ে আবু সয়ীদ আইয়ুবের ধারণা নিজের ভাষায় ব্যক্ত করো।

খ) মাইকেল মধুসূদন দত্তের কবি প্রতিভা সম্পর্কে বুদ্ধদেব বসুর অভিযোগগুলি ‘মাইকেল’ প্রবন্ধ অনুসরণে সংক্ষেপে লেখো।

গ) ‘শকুন্তলা’, মিরন্দা এবং দেস্‌দিমোনা’ প্রবন্ধটি থেকে শকুন্তলা ও মিরন্দার তুলনামূলক আলোচনা যেভাবে করা হয়েছে, তা সংক্ষেপে লেখো।

———